

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০১.১৮-২৪

তারিখ : ১৯ .০৭.২০১৮

বিষয় : সাধারণপুলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের “উপসহকারী প্রকৌশলী (সিভিল)” (১০ম গ্রেড) (৫ম ও ৬ষ্ঠ পর্ব) পদের স্থগিত প্রার্থীদের ফলাফল প্রকাশ।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০২.০১.২০১৮ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭. ০০১.১৮.০১ নং বিজ্ঞপ্তিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ০৩ জন, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ০১ জন এবং ০৪.০১.২০১৮ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০১.১৮.০২ নং বিজ্ঞপ্তিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ০৮ জন, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ০৩ জন সহ সর্বমোট ১৫ জন প্রার্থীর ফলাফল তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী স্থগিত রাখা হয়। পরবর্তীতে উক্ত প্রার্থীদের বিষয়ে অধিকতর যাচাই বাছাইয়ের জন্য কমিশন কর্তৃক গঠিত উচ্চ পর্যায়ের কমিটির সুপারিশের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নিম্নোক্ত ১১ (এগারো) জন প্রার্থীকে সাময়িকভাবে (Provisionally) সুপারিশ করা হয়েছে :

ক. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের “উপসহকারী প্রকৌশলী (সিভিল)” (১০ম গ্রেড) (বিজ্ঞপ্তি নম্বর ১৮, তারিখঃ ২০.০২.২০১৭) :

রেজিস্ট্রেশন নম্বর : ০০৫৬০৬ = ০১ জন।

খ. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের “উপসহকারী প্রকৌশলী (সিভিল)” (১০ম গ্রেড), (বিজ্ঞপ্তি নম্বর ১৯ তারিখ, ২০.০২.২০১৭) :

রেজিস্ট্রেশন নম্বর : ৩০০০২০, ০০০২১৩, ০০৫৬৮, ০০০৪৯৫, ০০০৪১৭, ০০০৩৭৭ ও ০০০৩৯৫ = ০৭ জন।

গ. শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের “উপসহকারী প্রকৌশলী (সিভিল)” (১০ম গ্রেড), (বিজ্ঞপ্তি নম্বর ১৯, তারিখ, ২০.০২.২০১৭) :


রেজিস্ট্রেশন নম্বর : ০০০২৮৭, ০০০২৯৬ ও ০০০৫০৭ = ০৩ জন।

২. স্থগিতকৃত অবশিষ্ট ০৪ জন প্রার্থীর বিষয়ে কমিশনের সিদ্ধান্ত প্রক্রিয়াধীন রয়েছে। এ বিষয়ে কমিশনের সিদ্ধান্ত যথাসময়ে জানানো হবে।

৩. সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীতে যেকোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যেকোনো গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্রবিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যেকোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাইয়ের পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রার্থীকে নিয়োগ প্রদান করবে। সুপারিশকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৫. প্রকাশিত ফলাফলে কোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে।


[আ. ই. ম. নেহার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]

